

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বিভিন্ন জেলায় পৌঁছে দেওয়ার জন্য তৃতীয় দিনের মতো বাস যাত্রার শুভ উদ্বোধন



বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুবিধা এবং করোনা মহামারির কথা বিবেচনা করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ঐকান্তিক প্রচেষ্টায় ঢাকায় অবস্থানরত শিক্ষার্থীদের নিরাপদে ঈদে বাড়ি পৌঁছে দেওয়ার জন্য পরিবহনের ব্যবস্থা করা হয়।

এ উপলক্ষে তৃতীয় দিন ১৯ জুলাই-২০২১, সোমবার, সকাল:৮টায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বাস যাত্রার শুভ উদ্বোধন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, প্রক্টর ড. মোস্তফা কামাল, ছাত্র-কল্যাণ পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, পরিবহন প্রশাসক অধ্যাপক আব্দুল্লাহ-আল মাসুদ এবং সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, শিক্ষার্থীদের নিয়ে ১৯ জুলাই, ২০২১, সোমবার, সকাল ৮ টায় চট্টগ্রাম ও ময়মনসিংহ বিভাগের বিভিন্ন জেলার উদ্দেশ্যে স্বাস্থ্যবিধি মেনে বাস যাত্রা শুরু করে। এছাড়াও ১৭ জুলাই, ২০২১ রাজশাহী, সিলেট এবং রংপুর বিভাগের বিভিন্ন জেলায় এবং ১৮ জুলাই ২০২১ বরিশাল ও খুলনা বিভাগের বিভিন্ন জেলায় শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি মেনে সুন্দর ভাবে বাড়ি পৌঁছে দেওয়া হয়েছে।